12239 - যে ব্যক্তি হজ্জ কিংবা উমরা করতে ইচ্ছুক, তিনি ভুলবশতঃ ইহরাম না করে মীকাত অতিক্রম করে ফেলেছেন, এরপর আবার মীকাতে ফিরে গিয়ে ইহরাম করেছেন তার উপর কোন কিছু বর্তাবে না

প্রশ্ন

সম্প্রতি আমি রিয়াদ থেকে উমরা করতে গিয়েছি। আমি নিজ বাসা থেকেই ইহরামের কাপড় পরে নিয়েছি; তবে নিয়ত করিনি। আমার ধারণা ছিল আমি বিমানে মীকাত অতিক্রমের সময় নিয়ত করব। কিন্তু দুঃখের বিষয় হলো মীকাত পার হওয়ার সময় আমি বিমানে কোন ঘোষণা শুনিনি। তাই আমি নিয়ত করতে পারিনি। যেহেতু বিমান মীকাত পার হয়ে গেছে। তাই আমি সিদ্ধান্ত নিলাম যে, মক্কায় চলে যাব। মক্কায় পৌঁছে আমি ইহরামের কাপড় পাল্টে সাধারণ পোশাক পরলাম। এরপর গাড়ী চালিয়ে তায়েফের নিকটবর্তী ক্বারনুল মানাযিল মীকাতে এলাম। সেখানে এসে পুনরায় ইহরামের কাপড় পরে উমরার নিয়ত করলাম। এরপর মক্কায় এসে উমরার কার্যাবলী সমাপ্ত করলাম। আশা করি আপনারা আমাকে অবগত করবেন যে, আমি কি আমার উমরাটি সঠিকভাবে সমাপ্ত করতে পেরেছি? নাকি আমাকে কাফ্ফারা দিতে হবে? যদি আমার উপর কাফ্ফারা ওয়াজিব হয় তাহলে আমাকে কি করতে হবে? আশা করি আমি জিবাব পাব।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি ইহরাম ছাড়া মীকাত অতিক্রম করেছে তার উপর আবশ্যক মীকাতে ফিরে যাওয়া এবং সেখান থেকে ইহরাম করা। সে ব্যক্তি যখন জেদ্দাতে বিমান থেকে নামবে তখন গাড়ীতে চড়ে নিজদের মীকাতে যাবে এবং সেখান থেকে ইহরাম বাঁধবে। যদি জেদ্দা থেকে ইহরাম বাঁধে অথচ সে আগেই হজ্জ ও উমরা করার ব্যাপারে দৃঢ় সংকল্প ছিল; তাহলে ইহরাম বিহীন অবস্থায় মীকাত অতিক্রম করার কারণে তাকে প্রতিকার হিসেবে একটি পশু জবাই করতে হবে।

[ফাতওয়াশ শাইখ বিন জিবরীন]

সম ধরণের ফতোয়া দেখুন ‘ফাতওয়া ইসলামিয়্যা’ গ্রন্থে (২/২০২)

প্রশ্নকারী ভাই, আপনি মীকাতে ফিরে গিয়ে ও সেখান থেকে ইহরাম বেঁধে সঠিক কাজটি করেছেন। আপনি ইহরামের কাপড় পাল্টানো দম (পশু জবাই)-কে আবশ্যক করবে না। যেহেতু আপনি মূলতঃই ইহরাম করেননি। কারণ ইহরাম হচ্ছে নুসুকে (হজ্জ-উমার কাজে) প্রবেশের নিয়ত; ইহরামের কাপড় পরিধান নয়। অতএব, আপনার আমলটি সঠিক। আপনার উপর কাফ্ফারা আবশ্যক নয়। আলহামদু লিল্লাহ।